নর্দার্ণ ডেভন হেল্‌থকেয়ার NHS ট্রাষ্ট কর্তৃক
NHS ফাউন্ডেশন ট্রাষ্ট এর জন্য আবেদন

আলোচনার বিষয়বস্তুর সারাংশ

অক্টোবর 2011 - জানুয়ারী 2012

আপনার স্থানীয় NHS ট্রাষ্ট পরিবর্তন হচ্ছে

NHS ফাউন্ডেশন ট্রাষ্ট হওয়ার জন্য আমাদের কনসাল্টেশন বা মতামতের আলোচনায় আপনাকে স্বাগতম। এই FT আবেদন একটি নতুন যুগের সূচনা করবে এবং আমাদের গৌরব, আত্ন-বিশ্বাস এবং উচ্চাকাংখাকে সমুন্নত রেখে রোগীদের প্রতি চমৎকার সেবার উন্নয়ন করা অব্যাহত রাখবে।

এই ডকুমেন্ট সেই উচ্চাকাংখার বিষয়ে এবং পরবর্তী পাঁচ বছরে আমাদের পরিকল্পনা সম্পর্কে কিছু বলবে। ইহা ট্রাষ্টের জন্য একটি আনন্দঘন সময় এবং আমরা আপনার সাথে আমাদের দৃষ্টিভঙ্গি বিনিময় করতে চাই।

অপেক্ষা করার সময় কমাতে পেরে এবং আমাদের ইনফেকশন বিষয়ক দক্ষতা বৃদ্ধি করার ব্যাপারে উন্নতি করতে পেরে আমরা গর্বিত। হাসপাতাল ও কমিউনিটি স্বাস্থ্যসেবার মধ্যে বাধা দূর করার ব্যাপারে NHS ট্রাষ্ট সমূহের মধ্যে প্রথম একটি হিসাবে স্বীকৃতি পাওয়ায় আমরা খুবই আনন্দিত, এর অর্থ হলো রোগীরা একটি যোগসূত্র মূলক বা পরবর্তী সেবা পান যখন হাসপাতাল থেকে ছাড়া পান বা যখন কেয়ার প্লান তৈরী করা হয়, যাতে করে তারা সহায়তা পেয়ে আরোগ্য লাভ করতে পারেন, উদাহরণস্বরুপ তাদের নিজের ঘরে।

আমরা জানি যে, আমাদের হাসপাতাল ও স্টাফরা প্রয়োজন অনুযায়ী চমৎকার ক্লিনিক্যাল ও ব্যাক্তিগত সেবা-যত্ন অফার করেন। কিন্তু তারপরও আমরা বিশ্বাস করি যে আমরা আরও ভালো করতে পারব এবং একটি NHS ফাউন্ডেশন ট্রাষ্ট হওয়ার মাধ্যমে যে সকল এলাকায় লোকজনকে স্বাস্থ্য সেবা ও সামাজিক সেবা দেই তা আরও নবতর ও আধুনিক, যোগসূত্র সম্পন্ন করে গড়ে তুলতে পারব।

আমরা চাই আপনি আমাদের ভবিষ্যতের একটি অংশ হউন এবং আপনার স্থানীয় NHS এর সাথে জড়িত হউন। দয়া করে এই সুযোগে আমাদেরকে জানাবেন আপনি কি ভাবেন যেহেতু আপনার মতামত ভবিষ্যতে NHS ট্রাষ্ট পরিচালনায় সরাসরি ভূমিকা রাখবে।

আমরা আশাকরি, এই ডকুমেন্ট পড়ার পর আমাদের প্রস্তাবনায় আপনি মন্তব্য করতে সমর্থ হবেন এবং আপনি আমাদের নতুন NHS ফাউন্ডেশন ট্রাষ্ট এর একজন সদস্য হবেন।

আমরা আপনার নিকট থেকে শোনার অপেক্ষায় রইলাম।



Roger French
Chair (সভাপতি)

Jacqueline Kelly
Chief Executive (প্রধান নির্বাহী)

কি করতে হবে

নর্দার্ন ডেভন হেল্থকেয়ার NHS ট্রাষ্ট (এরপর থেকে শুধু ট্রাষ্ট হিসাবে উল্লেখ করা হবে) সার্ভিস সমূহ পরিচালনা করে, যার মধ্যে আছে (নিম্নলিখিত):

- বার্নস্টাপল এ নর্থ ডেভন ডিষ্ট্রিক্ট হাসপাতাল
- এক্সিটার, নর্থ, ইষ্ট এবং মিড ডেভন ব্যপী 17 টি কমিউনিটি হাসপাতাল
- বিভিন্ন রকমের অন্যান্য এডাল্ট কমিউনিটি হেলথ্ ও সোশ্যাল কেয়ার সার্ভিসেস এবং একই ভৌগলিক এলাকায় গুচ্ছ স্বাস্থ্যসেবা।

ট্রাষ্টের 4,500 জন কর্মী আছেন এবং ডেভন ব্যাপী NHS সার্ভিসেস প্রদান করার জন্য £206 মিলিয়ন এর বাজেট আছে।

NHS ফাউন্ডেশন ট্রাষ্ট সমূহ কি কি?

স্থানীয় কমিউনিটি ও ষ্টাফদের দ্বারা প্রতিনিধিত্বশীল একটি কাউন্সিল অফ গভর্ণরস্ (গভর্ণরদের পরিষদ) ও সদস্যপদ প্রতিষ্ঠা করার মাধ্যমে NHS ফাউন্ডেশন ট্রাষ্টকে এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে তা তাদের স্থানীয় কমিউনিটি কর্তৃক অধিক জবাবদিহীতা মূলক হয়।

আমরা এখন একটি FT আবেদনপত্র দাখিল করছি কারন ট্রাষ্ট বোর্ড বিশ্বাস করে যে একটি NHS ফাউন্ডেশন ট্রাষ্ট হিসাবে, আমরা আরও ভালোভাবে চাহিদা পূরন করতে পারব ও আমাদের সেবাকৃত এলাকার লোকজনকে অগ্রাধিকার ভিত্তিতে সহায়তা করতে পারব।

যদি একটি NHS ফাউন্ডেশন ট্রাষ্ট গঠনে আমরা সফল হই, তাহলে আমাদের কর্মপদ্ধতির অনেকগুলির পরিবর্তন হবে (নিম্নলিখিত):

- আমরা আমাদের স্থানীয় কমিউনিটির প্রতি আরও অধিক জবাবদীহি মূলক হবো
  NHS FT এর সদস্যদের একটি বৈশিষ্ট আছে এবং আমরা লোকজনকে উৎসাহিত করব একজন সদস্য হওয়ার জন্য এবং ট্রাষ্টের কর্মকান্ডে তাদের বক্তব্য রাখার জন্য।

- আমরা আরও ভালোভাবে স্থানীয় চাহিদা মেটাতে পারব
  NHS ফাউন্ডেশন ট্রাষ্ট হিসাবে আমরা মনে করি চাহিদা পূরনে আমরা আরও ভালোভাবে সক্ষম হবো এবং আমাদের সেবাকৃত এলাকার লোকজনকে অগ্রাধিকার দিতে পারব।

- আমাদের আরও বৃহৎ বাণিজ্যিক ও আর্থিক স্বাচ্ছন্দ্য থাকবে ।
  আমাদের কমিশনার, গভর্ণর এবং সদস্যদের সাথে একত্রে মিলেমিশে আমরা সিদ্ধান্ত নিতে পারব কিভাবে উচ্ছিষ্ট অর্থ পুনরায় বিনিয়োগ করা যায়।

- আমরা পরিচালিত হওয়ার চেয়ে পরিচালনা করতে পারব।
  আমাদেরকে আর ডিপার্টমেন্ট অফ হেল্‌থ এর নিকট জবাবদিহী করতে হবে না কিন্তু NHS ফাউন্ডেশন ট্রাষ্ট এর নিরপেক্ষ নিয়ন্ত্রক কর্তৃক পর্যবেক্ষনে থাকতে হবে।

- আমাদেরকে আইনগত: চুক্তির আওতায় থাকতে হবে।
  আমাদের সার্ভিস সমূহকে শক্তিশালী সার্ভিস চুক্তির মাধ্যমে পরিচালিত করা হবে যাতে উচ্চ মানের দক্ষতা ও আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করা হবে।

আমাদের নাম

বর্ধিত নিকটতম এলাকায় প্রতিফলিত করার জন্য, একটি নতুন নামের বিষয়ে আমরা স্টাফ ও স্ট্যাকহোল্ডারদের সাথে আলোচনা করেছি, অনুমতিক্রমে আমরা প্রস্তাব করেছি ডেভন কেয়ার NHS ফাউন্ডেশন ট্রাষ্ট নামে নামকরন করার জন্য।

আলোচনা করার বিষয় সমূহ

নিম্নলিখিতগুলি হলো প্রধান বিষয়, যার জন্য আমরা আপনার মতামতের মূল্যায়ন করব। কিভাবে সে সকল মতামত আমাদেরকে জানাবেন বা আরও বিস্তারিত জানার জন্য 11 নং পৃষ্ঠা দেখুন। সুনির্দিষ্ট প্রশ্ন সমূহ যা আমরা আপনাকে করতে চাই তা এই পুস্তিকার মধ্যে উত্তর দেয়ার ফর্মে বর্ণনা করা হয়েছে।

1. আমাদের উদ্দেশ্য ও লক্ষ্য

ট্রাষ্ট বোর্ড সেপ্টেম্বর 2011 তে ইহার উদ্দেশ্য ও কৌশলগত বিষয় পুন: পর্যবেক্ষন করেছে। ইহাতে আমাদের পাঁচ বছরের লক্ষ্য ও উচাকাংখা বর্ণনা করা হয়েছে। উদ্দেশ্য ও লক্ষ্য তৈরী হয় আমাদের দক্ষতার ভালো উন্নয়ন, চমৎকার অপেক্ষমান সময়, স্থিতিশীল পরিচালনার ব্যবস্থা এবং উচ্চ মানের সেবা প্রদানে আমাদের বর্তমানের সুনামের মাধ্যমে, যা বিভিন্ন রকমের বহিরাগত নিরীক্ষক কর্তৃক প্রতীয়মান হয়েছে।

ট্রাষ্টের উদ্দেশ্য ও লক্ষ্য:

আমরা একটি সমন্বিত স্বাস্থ্য ও সোশ্যাল কেয়ার ট্রাষ্ট হবো এবং আমরা যা করব তার মধ্যে নিহীত থাকবে নিরাপত্তা ও উচ্চ মান।

আমরা জনগণকে সহায়তা করব যাতে যতটুকু সম্ভব স্বাস্থ্যবান ও স্বাধীন থাকতে পারেন।

প্রশ্ন 1: আপনি কি বিশ্বাস করেন যে, এই উদ্দেশ্য ও লক্ষ্য আমাদের রোগীদের সবচেয়ে ভালো সেবা দিতে পারবে ?

2. আমাদের ভবিষ্যত পরিকল্পনা

এইগুলি (নিম্নলিখিত) হলো আমাদের প্রধান সার্ভিস উন্নয়নের পরিকল্পনা:

স্বাধীনভাবে বসবাস করা ও ভালো-থাকার জন্য সহায়তা করা

ঘরে বা কমিউনিটির সকলের সাথে যাতে রোগীরা তাদের অসুস্থতা বা জখম ব্যবস্থাপনা বা মানিয়ে নিতে পারেন সে ব্যাপারে সাহায্য করা এর অর্থ হলো তারা অপ্রয়োজনীয়ভাবে হাসপাতালে যাতে না যান। যাইহোক, যখন হাসপাতালের সাহায্যের দরকার হয়, আমরা নিশ্চিত করব যাতে তা দ্রুত পাওয়া যায় এবং সঠিক বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা। হাসপাতালে আসার পর, আমরা হাসপাতাল থেকে ছাড়া পেতে দেরী হওয়া কমানোর জন্য অব্যাহতভাবে চেষ্টা করব এবং নিশ্চিত করতে থাকব যাতে সার্ভিস সমূহ রোগীদের জন্য যোগসূত্র মূলক বা পরপর পাওয়া যায়, যখন তারা হাসপাতাল ছেড়ে যাবেন।

লোকজন যাতে অসুস্থ হওয়ার জন্য অপেক্ষা না করেন এবং তাদের যাতে আমাদের সার্ভিসের দরকার না হয় সেজন্য আমরা তথ্য ও সহায়তাও দেয়ার প্রতি খেয়াল রাখব, যাতে করে লোকজনকে তাদের জীবন যাপন পদ্ধতি সম্পর্কে সচেতন রাখা যায়।

সাড়া দেয়া মূলক বিশেষ হাসপাতাল সার্ভিস সমূহ

আমরা আমাদের বিশেষ সেবা সমূহকে পর্যাপ্তভাবে নমনীয় রাখব, যাতে করে যাদের প্রয়োজন তারা যাতে তা ব্যবহার করতে পারেন। আমাদের হাসপাতালের সেবা যত্ন অব্যাহতভাবে উচ্চ ক্লিনিক্যাল মান সম্পন্ন হবে তবে আমরা আরও বিনিয়োগ করব যাতে করে নিশ্চিত করা যায় ইহা দক্ষতা সম্পন্ন ও রোগীদের স্বাধীনতাকে সহায়তা করে যখন তারা হাসপাতাল থেকে ছাড়া পান।

অসহায় প্রাপ্ত-বয়স্কদের অধিকার সংরক্ষন করা যখন তাদের কোন শারীরিক অসুস্থতা বা জখম থাকে

আমাদের স্টাফরা যাতে এই সকল রোগীদের চাহিদা নিরুপন করেন ও তা বুঝেন তা নিশ্চিত করার মাধ্যমে আমরা অসহায় প্রাপ্ত-বয়স্কদের সেবা যত্ন উন্নয়ন করব এবং সঠিকভাবে বিষয়টি দেখব। অসহায় প্রাপ্ত বয়স্করা যাতে অপ্রয়োজনীয়ভাবে হাসপাতালে ভর্তি হওয়া এড়িয়ে চলতে পারেন যেক্ষেত্রে বিকল্প কমিউনিটি ভিত্তিক সহায়তা পাওয়া যায়, সেজন্যও আমরা কঠোর পরিশ্রম করব।

নেটওয়ার্ক ওপার্টনারশীপ বা অংশিদারীত্ব

আমরা আমাদের অংশিদারদের সাথে অব্যাহতভাবে ক্লিনিক্যাল নেটওয়ার্ক সমূহে কাজ করব যাতে করে নিশ্চিত করা যায় আমাদের সার্ভিস সমূহ স্থানীয়, নিরাপদ এবং স্বাধীনতাকে বিকশিত করে । আমরা আমাদের রোগীদের সাথেও কাজ করব যাতে করে সম্ভাব্য সবচেয়ে ভালো সার্ভিস দেয়া যায় এবং নিশ্চিত করব যাতে তাদের সেবা-যত্নের ক্ষেত্রে সমানভাবে অংশিদারীত্বের ভিত্তিতে কাজ করা যায়।

এস্টেট

আমাদের লক্ষ্য হলো নিশ্চিত করা যে আমাদের সার্ভিস সমূহ যাতে এমন ধরনের ভবনে প্রদান করা হয় যা এর জন্য উপযুক্ত এবং স্টাফদেরকে সহায়তা করব তাদের কাজ দক্ষতার সাথে করার জন্য।

রোগীদের সমন্বিত রেকর্ড

আমাদের পরিকল্পনা হলো রোগীদের একটি সমন্বিত রেকর্ড রাখা যাতে করে নিশ্চিত করা যায় মসৃন হস্তান্তর প্রক্রিয়া থাকে, আমাদের সার্ভিস সমূহে তথ্য বিনিময় ও রেকর্ড করা থাকে। সঠিক কাগজ পত্র সহায়তা এবং উচ্চ মানের রোগী সেবা প্রদান বৃদ্ধি করতে সাহায্য করে।

ক্লিনিক-নয় এমন সেবা

আমাদের ক্লিনিক নয় এমন সার্ভিস সমূহ যত টুকু সম্ভব দক্ষ হয় তা নিশ্চিত করার মাধ্যমে আমরা সম্মুখ ভাগের ক্লিনিক্যাল সার্ভিসেস সমূহ রক্ষা করব। আমরা আমাদের সরবরাহকারীদের সাথে আমাদের চুক্তি সমূহ পুন:পর্যবেক্ষন করব যাতে করে নিশ্চিত করা যায় আমরা সর্বোচ্চ উপকার পাচ্ছি ও সঞ্চয় থাকছে যা ক্লিনিক্যাল সার্ভিসেস এ পুনরায় বিনিয়োগ করা যেতে পারে।

প্রশ্ন 2: এই পরিকল্পনা হলো এমন কিছু যা আমরা মনে করি আমাদের অগ্রাধিকার দেয়া উচিত। আপনি কি মনে করেন আমরা কোন কিছু বাদ দিয়েছি ?

3. NHS ফাউন্ডেশন ট্রাষ্ট সদস্যপদ

জনসাধারন, NHS ট্রাষ্টের কর্মচারী এবং যে সকল লোকজন আমাদের হাসপাতাল ও কমিউনিটি সার্ভিসেস সমূহ দেখাশুনা করেন তাদের সকলের সাথে সদস্যরা একটি মজবুত সেতু বন্ধন তৈরী করে থাকেন।

একজন সদস্য হওয়ার প্রধান উপকার হলো আপনি আপনার বক্তব্য বা কথা শোনাতে পারবেন। ইহা করার জন্য আপনি আমাদেরকে সাহায্য করতে পারেন যখন আমরা আমাদের রোগী সেবার মান উন্নত করতে ও রোগীদের নিরাপত্তায় অব্যাহতভাবে চেষ্টা চালিয়ে যেতে থাকি।

একজন সদস্য হওয়ার অর্থ হলো, আপনি (নিম্নলিখিত) পাবেন:

নিয়মিত, সহজ বোধ্য ভাবে চিঠিপত্র যাতে আপনাকে আপনার হাসপাতাল ও কমিউনিটি সার্ভিস সম্পর্কে অবগত রাখা যায়।

আলোচনা, জরিপ, অনুষ্ঠানাদি বা ভলান্টিয়ারিং করার মাধ্যমে NHS ফাউন্ডেশন ট্রাষ্টের সাথে জড়িত হওয়ার সুযোগ, যেমন -

স্বাস্থ্য বিষয়ক তথ্য এবং সার্ভিস উন্নয়ন

কাউন্সিল অফ গভর্ণর এর নির্বাচনে অংশ নেয়ার ও গভর্ণরদের জন্য ভোট দেয়ার সুযোগ

বিভিন্ন রকমের সামগ্রীতে NHS ডিসকাউন্টস্ পাওয়ার সুবিধা

আমাদের দুই ধরনের সদস্যপদের ব্যবস্থা আছে:

1. পাবলিক বা জন সদস্য

যে সকল লোকজন কমিউনিটিতে বসবাস করেন ও NHS ফাউন্ডেশন ট্রাষ্ট কর্তৃক সেবা পান, সেই সকল রোগী ও যারা আমাদের সার্ভিস সমূহ ব্যবহার করেন, তারা পাবলিক সদস্য হওয়ার যোগ্য। পাবলিক সদস্যদের জন্য চারটি নির্বাচনী এলাকা আছে:

- নর্দার্ণ ডেভন
- এক্সিটার ও ইষ্টার্ণ ডেভন
- মিড ডেভন
- এই সকল এলাকার বাইরে

পাবলিক সদস্যদের অবশ্যই (নিম্নলিখিত):

- ডেভনে বা প্রতিবেশী কাউন্টি কর্ণওয়াল, সমারসেট ও ডরসেটে বসবাস করতে হবে
- 18 বছরের বেশী বয়সের হতে হবে

প্রশ্ন 3: সদস্যদের বয়স কমপক্ষে 18 হওয়া উচিত বা আমরা তা কমিয়ে 16 করব ?

প্রশ্ন 4: আপনি কি একমত যে, আমাদের পাবলিক নির্বাচনী এলাকা পর্যাপ্তভাবে আমাদের সেবাকৃত কমিউনিটিকে প্রধিনিধিত্ব করে ?

2. স্টাফ বা কর্মচারী সদস্য

সকল কর্মচারী যারা NHS ফাউন্ডেশন ট্রাষ্ট কর্তৃক চাকুরী পেয়েছেন তাদের সকলের স্থায়ী চুক্তি আছে, বা যাদের অন্তত:পক্ষে 12 মাসের সার্ভিস সম্পন্ন করার ইচ্ছা আছে, তারা কর্মচারী সদস্য হিসাবে রেজিষ্টার করার যোগ্য।

বস্তুত:পক্ষে, কর্মচারীরা স্বয়ংক্রিয় ভাবে সদস্য হন যদি না তারা তা না চাওয়ার জন্য বলেন। ইহা কর্মচারীদের নিকট একটি শক্তিশালী মেসেজ পাঠায় যে তারা প্রতিষ্ঠানের একটি অংশ।

4. *পরিচালনা পর্ষদের কাঠামো*

আইনে কাউন্সিল অফ গভর্ণরদের চুক্তির শর্তের সংমিশ্রন সম্পর্কে বলা আছে, যেমন এর মধ্যে অবশ্যই কর্মচারীদের প্রতিনিধিত্ব থাকতে হবে একই সাথে জনগণ, স্থানীয় কর্তৃপক্ষ এবং অংশিদারী সংগঠনের প্রতিনিধিদেরকেও থাকতে হবে। ইহা অত্যাবশ্যকীয় যে কাউন্সিল অফ গভর্ণরদের অর্ধেকেরও বেশী হতে হবে পাবলিক গভর্ণর বা জনগণের মধ্য থেকে।

Foundation Trust Governance Structure



উপরের ডায়াগ্রাম নতুন NHS ফাউন্ডেশন ট্রাষ্ট এর নতুন গভর্ণর বিষয়ক কাঠামোর বিভিন্ন অংশ বর্ণনা করছে।

আমাদের গভর্ণররা তিনটি প্রকারে বিভক্ত (নিম্নলিখিত):

1. সদস্য

বিস্তারিত তথ্যের জন্য 7 এর পাতায় দেখুন।

2. কাউন্সিল অফ গভর্ণরস্ (গভর্ণরদের পরিষদ)

কাউন্সিল অফ গভর্ণর হলো এমন একটি দল বা অঙ্গ যার মাধ্যমে সদস্যরা ট্রাষ্ট বোর্ডের সাথে সংলাপ করেন।

আমরা প্রস্তাব করি যে, কাউন্সিল অফ গভর্ণর যাতে সর্বমোট 23 জন গভর্ণরদের সমন্বয়ে তৈরী হয়।

পাবলিক ও স্টাফ গভর্ণররা NHS ফাউন্ডেশন ট্রাষ্ট এর অন্যান্য সদস্যদের দ্বারা নির্বাচিত হবেন যাতে করে তারা তাদেরকে পাবলিক বা স্টাফ গভর্ণর হিসাবে প্রতিনিধিত্ব করে নতুন ফাউন্ডেশন ট্রাষ্ট এর নেয়া সিদ্ধান্ত সমূহকে জবাবদিহীতা আওতায় আনতে পারেন।

এর মধ্যে আছে (নিম্নলিখিত):

- 13 জন পাবলিক প্রতিনিধি যারা ভৌগলিক এলাকার প্রতিনিধিত্ব করেন এবং যারা জনগণ কর্তৃক নির্বাচিত হন
  - 6 x নর্থ ডেভন এবং টরিজ
  - 3 x এক্সিটার ও ইষ্ট ডেভন
  - 3 x মিড ডেভন
  - 1 x বাহিরের কোন এলাকা
- 4 জন স্টাফ গভর্ণর যাদেরকে স্টাফরা নির্বাচন করেছেন
- 6 স্ট্যাক হোল্ডার গভর্ণর যাদেরকে অংশিদারী সংগঠন মনোনীত করেছেন

প্রশ্ন 5: আপনি কি মনে করেন যে এই ব্যবস্থা স্টাফদেরকে কাউন্সিল অফ গভর্ণর এ পর্যাপ্তভাবে প্রতিনিধিত্বশীল করেছে?

প্রশ্ন 6: আপনি কি মনে করেন যে কাউন্সিল অফ গভর্ণর এর আকার সঠিক, যাতে করে ট্রাষ্ট কর্তৃক সেবাকৃত কমিউনিটিকে ভালোভাবে প্রতিনিধিত্ব করা যায় ?

কাউন্সিল অফ গভর্ণর জনগণের নিকট জবাবদিহী করার জন্য দায়ীত্ববান এবং জনগণ, স্টাফ ও অংশিদারী সংগঠনের কৌশলগত বিষয়ে প্রভাব ফেলতে পারে। গভর্ণররা বোর্ড অফ ডাইরেক্টরদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবেন, এবং NHS ফাউন্ডেশন ট্রাষ্টের কৌশলগত উন্নয়ন পরিকল্পনায় তাদের সাথে যাতে আলোচনা করা হয় সে বিষয়ে তাদের অধিকার আছে।

কাউন্সিল অফ গভর্ণররা (নিম্নলিখিত করেন):

- NHS ফাউন্ডেশন ট্রাষ্ট পরিচালনায় ও ব্যবস্থাপনায় সেবাকৃত কমিউনিটির স্বার্থ দেখার বিষয়ে প্রতিনিধিত্ব করা
- প্রত্যেক গভর্ণর যে নির্বাচনী এলাকা প্রতিনিধিত্ব করার জন্য নির্বাচিত হয়েছেন তারা NHS ফাউন্ডেশন ট্রাষ্টের তথ্যাদি সেখানে আদান প্রদান করবেন।
- সভাপতিসহ অ-নির্বাহী ডাইরেক্টর নিয়োগ করা
- প্রধান নির্বাহী ও নির্বাহী পরিচালকদের নিয়োগ অনুমোদন করা
- NHS ফাউন্ডেশন ট্রাষ্টের বহিরাগত আর্থিক অডিটর নিয়োগ দেয়া
- পাবলিক মিটিং এ, NHS ফাউন্ডেশন ট্রাষ্টের বাৎসরিক রিপোর্ট এবং একাউন্টস্ ও অডিটরের রিপোর্ট সমূহ গ্রহন করা।

গভর্ণরদের নির্দিষ্ট দক্ষতা বা জ্ঞানের চেয়ে আগ্রহ বা উদ্যমী হওয়া বেশী দরকার। তাদের নিজস্ব মতামত তুলে ধরার পাশাপাশি তারা তাদের নির্বাচনী এলাকায় লোকজনের মতামতেরও প্রতিনিধিত্ব করেন। ট্রাষ্টটি গভর্ণরদের সহায়তা করবে এবং নিশ্চিত করবে যাতে তাদের কর্তব্য পালনে সকল সুযোগ সুবিধা দেয়া হয়।

গভর্ণররা কোন খরচের জন্য অর্থ পাবেন, তবে কোন বেতন পাবেন না।

3. বোর্ড অফ ডাইরেক্টরস্

দৈনন্দিন কাজ পরিচালনার ব্যবস্থাপনার দায়ীত্ব এবং ট্রাষ্টের কৌশলগত নির্দেশনার ভার বোর্ড অফ ডাইরেক্টরদের হাতে ন্যাস্ত থাকবে।

আমরা প্রস্তাবে করি নির্বাহী বোর্ড অফ ডাইরেক্টররা (নিম্নলিখিত) অনুযায়ী হবেন :

- ট্রাষ্টের চেয়ারম্যান (অ-নির্বাহী ডাইরেক্টর) এবং আরও পাঁচজন অ-নির্বাহী ডাইরেক্টর থাকবেন
- পাঁচজন নির্বাহী ডাইরেক্টর - প্রধান নির্বাহী, ডাইরেক্টর অফ ফাইন্যান্স, ডাইরেক্টর অফ নার্সিং, মেডিক্যাল ডাইরেক্টর এবং ডাইরেক্টর অফ অপারেশনস্ ।

আলোচনার বিষয় বস্তুর ব্যাপারে উত্তর

আমরা আপনার মতামত ও পরামর্শকে স্বাগত জানাই যা সত্যিকারের বিতর্কে অবদান রাখে যাতে করে তা নিশ্চিত করবে যে নর্দার্ন ডেভন হেলথ্ কেয়ার NHS ট্রাষ্ট এমন একটি NHS ফাউন্ডেশন ট্রাষ্ট হয় যা আমাদের সেবাকৃত কমিউনিটির প্রতি সাড়ামূলক হয়।

আপনি আপনার মন্তব্য নিম্নলিখিত উপায়ে আমাদের নিকট পাঠাতে পারেন:

- এই পুস্তিকায় সংযুক্ত ফর্মটি পূরন করে আমাদের নিকট ডাকযোগে পাঠান
- আমাদের ওয়েব সাইট: www.northdevonhealth.nhs.uk/ft
- ই-মেইল: contactus@ndevon.swest.nhs.uk
- ঠিকানা : FREEPOST RSAH-JRBJ-BJUT
  Membership Office
  Northern Devon Healthcare NHS Trust
  North Devon District Hospital
  Raleigh Park
  BARNSTAPLE
  EX31 4JB
- ইভেন্টস্ ও কনসাল্টেশন মিটিংস্, যা আমাদের ওয়েব সাইটে প্রকাশিত হবে একই সাথে তালিকা আকারে দেয়া হবে।

যদি আপনাদের কোন কমিউনিটি গ্রুপ আপনাদের কোন মিটিং এ হাজির হয়ে আলোচনার পরিকল্পনা, আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য এবং প্রস্তাবিত পরিচালনা পর্ষদের বিষয়ে কথা বলার জন্য ট্রাষ্টকে আমন্ত্রন জানাতে চান, তাহলে দয়া করে 01271 313971 নম্বরে ফোন করুন।

অথবা ই-মেইল করুন: contactus@ndevon.swest.nhs.uk

আরও তথ্য, সম্পূর্ণ কনসাল্টেশন ডকুমেন্ট এবং ট্রাষ্টের পরিকল্পনা আমাদের ওয়েব সাইট www.northdevonhealth.nhs.uk তেও পাওয়া যায় অথবা 01271 313971 নম্বরে ফোন করতে পারেন।

একজন সদস্য হউন

আপনি নিম্নলিখিতভাবে NHS ফাউন্ডেশন ট্রাষ্টের একজন সদস্য হতে পারেন:

- অন-লাইনে: www.northdevonhealth.nhs.uk/ft এর মাধ্যমে
- 01271 313971 নম্বরে যোগাযোগ করে :
  - একটি আবেদনপত্র আনাবেন
  - ভিন্ন ফরমেটেও ফর্ম পেতে পারেন (সহজে পড়া যায় এমন, ব্রেইল বা অন্য ভাষায়)
  - ফোনের মাধ্যমে ফর্মটি পূরন করবেন
- আমাদের কোন একটি কনসাল্টেশন বা আলোচনার মিটিং এ একটি ফর্ম পূরন করার মাধ্যমে।

অন্যান্য ফরমেটে

যদি এই ডকুমেন্ট অন্য কোন ফরমেটে আপনার দরকার হয়, যেমন অডিও টেপ বা কম্পিউটার ডিস্কে, ব্রেইলে, বড় প্রিন্টে, সহজে পড়া যায় এমনভাবে, ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ অথবা অন্য কোন ভাষায় অনুবাদিত আকারে পেকে চান তাহলে দয়া করে 01271 311575 নম্বরে ফোন করুন।